



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

বাউবি/প্রশা(ক্রয়)-১৪(৯৩)/২০০৯-২০১০/পাট-০২/৪০৯

তারিখ: ২৮/০১/২০২০

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

প্রধানমন্ত্রীর দীক্ষা
মানসম্মত শিক্ষা

বাউবি'র পুরাতন/অকেজো গাড়ী বিক্রয়ের জন্য উন্মুক্ত নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি)-এর নিশ্চুক্ত পুরাতন গাড়ী উন্মুক্ত নিলাম দরপত্রের মাধ্যমে 'যেখানে যে অবস্থায় আছে' সে অবস্থায় বিক্রয়ের জন্য অত্র বিজ্ঞাপনের শর্তানুযায়ী অগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট থেকে সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্রের সাথে জামানত বাবদ 'বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর'-এর অনুকূলে উদ্ধৃত মূল্যের ২৫% (শতকরা পঁচিশ) টাকা (তফসিলি ব্যাংক থেকে গৃহীত পে-অর্ডার/ডিম্যান্ড ড্রাফট আকারে) সংযুক্ত করতে হবে, অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে। অগ্রহী দরদাতা ব্যক্তি/প্রতিষ্ঠান প্রয়োজনে বাউবি'র পরিবহনপুলে রক্ষিত পুরাতন গাড়ী পরিদর্শন করতে পারবেন।

পুরাতন/অকেজো গাড়ীর বিবরণ:


ক্রম.	গাড়ী নং	গাড়ীর ধরন	ক্রয়ের সন	গাড়ী নির্মাতা	ইঞ্জিনের ধরন	গাড়ী পরিদর্শনের স্থান এবং বিক্রয়াদেশপ্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক গাড়ী গ্রহণের স্থান
১.	ঢাকা মেট্রো-চ-৫১-৪৩১০	মাইক্রোবাস	২০০৩	নিশান, জাপান	সিএনজি	পরিবহন পুল, বাউবি, গাজীপুর-১৭০৫।
২.	ঢাকা মেট্রো-চ-৫১-৫৩২৯	মাইক্রোবাস	২০০৫	নিশান, জাপান	সিএনজি	
৩.	ঢাকা মেট্রো-খ-১১-৯৭৪৮	কার	২০০৩	মিতসুবিসি, জাপান	পেট্রোল	
৪.	গাজীপুর-চ-০২-০০৫৪	এ্যাম্বুলেন্স	১৯৯৯	মিতসুবিসি, জাপান	সিএনজি	
৫.	ঢাকা মেট্রো-ঠ-১১-৫৫৭৬	সিংগেল কেবিন পিক-আপ	২০০৪	নিশান, জাপান	সিএনজি	

অফেরৎযোগ্য ১,০০০.০০ (এক হাজার মাত্র) টাকার বিনিময়ে এতদসংক্রান্ত দরপত্র সিডিউল বাউবি'র গাজীপুরস্থ অর্থ ও হিসাব বিভাগের ক্যাশ শাখা হতে সংগ্রহ করা যাবে। দরপত্র সিডিউল ১১/০২/২০২০ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে ক্রয় করা যাবে। এতদসংক্রান্ত গাড়ীসমূহের বিস্তারিত বিবরণ সিডিউলে পাওয়া যাবে।

দরপত্রসমূহ বাউবি'র গাজীপুরস্থ ট্রেজারার দপ্তরে রক্ষিত দরপত্র বাক্সে আগামী ১২/০২/২০২০ তারিখ দুপুর ০২:০০ টা পর্যন্ত গ্রহণ করা হবে এবং একই দিন ০২:১৫ মিনিটে দাখিল/গ্রহণের স্থানে উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

সকল দরদাতাকে কার্যাদেশ/বিক্রয়াদেশ পাওয়ার ১০ (দশ) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% অর্থ ও সরকারী আইন/বিধি মোতাবেক নিলাম পণ্যের ক্রেতাকে উৎসে কর ও ভ্যাট প্রদানপূর্বক গাড়ী গ্রহণ করতে হবে। অন্যথায় জামানত বাজেয়াপ্তপূর্বক দরপত্র বাতিল করা হবে। গাড়ীর মালিকানা হস্তান্তর ফি ও যাবতীয় কর/বকেয়া করসহ (যদি থাকে) সমুদয় ব্যয় ক্রেতা বহন করবেন। দরপত্রের মেয়াদ ১২০ (একশত বিশ) দিন বহাল থাকবে।

বাউবি কর্তৃপক্ষ যে কোন বা সকল দরপত্র কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে গ্রহণ/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।


২৮/০১/২০২০

(মোহাম্মদ ছালাউদ্দীন ভূঁইয়া)
উপ-পরিচালক, সংগ্রহ শাখা
প্রশাসন বিভাগ, বাউবি, গাজীপুর-১৭০৫।
টেলিফোন নম্বর: ০৯৬৬৬৭৩০৭৩০
আইপি এক্স.: ৭০৫
dd1.procurement@bou.edu.bd

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
ক্রয়বিভাগের বিভাগ
ক্রয়/বিক্রয়/পরিচালক ওর কার্যালয়

ক্রয় নং: ৪০৬
তারিখ: ২৮/০১/২০২০

